

পড়ুয়াদের জন্য মেঘনাদ সাহা ইনস্টিটিউটের উদ্যোগ

স্টাফ রিপোর্টার : ইঞ্জিনিয়ারিংয়ের ছাত্র-ছাত্রীদের জীবনে পথ চলার ক্ষেত্রে স্বাবলম্বী করতে এক ব্যতিক্রমী উদ্যোগ নিল মেঘনাদ সাহা ইনস্টিটিউট অফ টেকনোলজি। সংস্থার উদ্যোগে 'ইনোভেশন চ্যালেঞ্জ-২০১৬' নামে দু'দিন ব্যাপী এক প্রদর্শনী তথা প্রজেক্ট প্রতিযোগিতার আয়োজন করা হয় সম্প্রতি। কলেজের ছাত্র-ছাত্রীরাই এই প্রদর্শনীতে অংশ নিয়েছিলেন। কলেজের মোট ৮৪ ছাত্র-ছাত্রী ২৫টি দলে বিভক্ত হয়ে বিভিন্ন বিষয়ের প্রদর্শনীতে অংশ নিয়েছিলেন। প্রথম বর্ষ থেকে চতুর্থ বর্ষের ছাত্র-ছাত্রীরা অংশ নিয়েছিলেন। মেঘনাদ সাহা ইনস্টিটিউটের অধ্যক্ষ ড. তীর্থঙ্কর দত্ত জানান, আগামী দিনে চাকরির বাজার খুব কমে আসছে। ইঞ্জিনিয়ারিং পাস করলেই যে চাকরি নিশ্চিত, তা এখন বলা যায় না। যাতে ভবিষ্যতে পথ চলার ক্ষেত্রে ছাত্র-



প্রজেক্টের বিষয় ছাত্র-ছাত্রীদের কাছ থেকে শুনছেন বিচারকরা। রয়েছেন অধ্যক্ষ তীর্থঙ্কর দত্ত। —প্রতিদিন চিত্র

ছাত্রীদের কোনও অসুবিধা না হয়, নিজ উদ্যোগে তাঁরা জীবনধারণের সামান্য চাহিদাটুকু মেটাতে পারেন, সেই চিন্তাভাবনা থেকেই এই উদ্যোগ। আগামীতে আরও এই ধরনের পদক্ষেপ করার কথাও জানান তিনি। প্রতিযোগিতামূলক এই প্রদর্শনীতে বিচারক হিসাবে উপস্থিত ছিলেন রাজ্যের নামী ইঞ্জিনিয়ারিং প্রতিষ্ঠানের অধ্যাপক-গবেষকরা। মূলত চারটি ক্যাটাগরিতে প্রতিযোগিতাকে ভাগ করেন বিচারকরা। সেরা প্রজেক্ট, সেরা ইনোভেশন-সহ চার ক্ষেত্রের সেরাদের পুরস্কৃত করা হয়। অধ্যক্ষ তীর্থঙ্কর দত্ত জানান, ভবিষ্যতে দেশব্যাপী প্রতিযোগিতায় অংশ নেওয়ার ক্ষেত্রে প্রেক্ষাপট তৈরি করতে এই ধরনের উদ্যোগ ছাত্র-ছাত্রীদের বিশেষভাবে সাহায্য করবে।